**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 31-01-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ দ্বিতীয় ইন্দো-আরব বিদেশ মন্ত্রীদের বৈঠকের আগে নতুন দিল্লি এসে পৌঁছেছেন, ওমানের বিদেশমন্ত্রী বদর-আল-বুসাইদি।

২/ লোকসভায় আগামীকাল অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ, ২০২৬-২৭-এর সাধারণ বাজেট পেশ করবেন।

৩/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গে ভোটব্যাঙ্কের তোষণের জন্য তৃণমূল কংগ্রেস সংসদে বন্দে মাতরম নিয়ে আলোচনায় নিরুৎসাহিত থেকেছে

৪/ পুলিশের IGপদের জন্য, এস পি এবং DIG পদে আসীন IPS আধিকারিকদের কেন্দ্রীয় স্তরে দু-বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক করেছে কেন্দ্র ।

৫/ ভারত ও EUএর মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি কার্যকর হলে আগামী পাঁচ বছরের মধ্যে ইউরোপীয় বাজারে ভারতের রপ্তানি দ্বিগুণ হতে পারে বলে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী আশাপ্রকাশ করেছেন।

---

ওমানের বিদেশমন্ত্রী বদর আলবুসাইদি দ্বিতীয় ভারত-আরব পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের আগে নতুনদিল্লিতে পৌঁছেছেন। আজ নতুন দিল্লীতে এই সম্মেলন অনুষ্ঠিত হবে। সামাজিক মাধ্যমে এক বার্তায় বিদেশ মন্ত্রক জানিয়েছে এই সফর ভারত ও ওমানের মধ্যে বহুমুখী কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করবে।

আজ সকালে, সংযুক্ত আরব আমিরশাহীর বিদেশ প্রতিমন্ত্রী খলিফা শাহীন আল মারারও বৈঠকে যোগ দিতে পৌঁছেছেন। বিদেশ মন্ত্রক আরও জানিয়েছে মারারের সফর ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে কৌশলগত অংশীদারিত্বকে আরও মজবুত করবে।

---------------------

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর গতকাল নতুনদিল্লিতে আরব লীগের বেশ কয়েকটি সদস্য দেশের বিদেশমন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা ও মতামত বিনিময় করেছেন। আলোচনায় দু পক্ষের সম্পর্ক মজবুত করা এবং পশ্চিম এশিয়ার পরিস্থিতি পর্যালোচনা করার উপর জোর দেওয়া হয়। আজ জাতীয় রাজধানীতে দ্বিতীয় ভারত-আরব লীগ বিদেশমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে।

ডঃ জয়শঙ্কর কমোরোস, লিবিয়া, সোমালিয়া এবং প্যালেস্টাইনের বিদেশ মন্ত্রীদের সঙ্গে আলোচনা করেন। তিনি আরব লীগের মহাসচিব

আহমেদ আবুল ঘেইতের সাথেও দেখা করেন। আহমেদ আবুল ঘেইতের সঙ্গে তার মতামত বিনিময় সম্পর্কে ডঃ জয়শঙ্কর একটি সমাজ মাধ্যম পোস্টে বলেছেন, বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা এবং সম্পর্ক জোরদার করা নিয়ে তাদের মধ্যে বিস্তৃত আলোচনা হয়েছে। এরসঙ্গে আঞ্চলিক বিভিন্ন সাম্প্রতিক ঘটনাবলী নিয়েও তাঁরা মতবিনিময় করেছেন।

অন্যদিকে কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং গতকাল নতুন দিল্লিতে ভারত-আরব বাণিজ্য উদ্যোগ ও কৃষির উদ্বোধন করেছেন। শ্রী সিং আরবের সঙ্গে শক্তিশালী বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক এবং বিভিন্ন খাতে অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক আরও মজবুত করার সম্ভাবনাকে স্বাগত জানান।

---------------------

সন্ত গুরু রবিদাসের ৬৪৯-তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী **আগামীকাল পাঞ্জাব সফরে** যাবেন। তিনি আদমপুর বিমানবন্দর পরিদর্শনের পর সেটি ‘শ্রী গুরু রবিদাসজী বিমান বন্দর’ হিসেবে নতুন নামকরণে উপস্থিত থাকবেন। প্রধানমন্ত্রীর দপ্তর জানিয়েছে, সন্তজীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে বিমান বন্দরটির নতুন নামকরণ করা হচ্ছে। শ্রীমোদী, লুধিয়ানায় হালওয়ারা বিমান বন্দরের টার্মিনাল বিল্ডিং-এরও উদ্বোধন করবেন। এই বিমান বন্দরটি ভারতীয় বায়ু সেনার একটি অত্যন্ত

গুরুত্বপূর্ণ ঘাঁটি। যোগাযোগ এবং বড় বিমানের ওঠানামার সুবিধার্থে হালওয়ারাতে একটি নতুন সিভিল এনক্লেভ তৈরী করা হয়েছে, যেখানে দীর্ঘ রানওয়ে, যেখানে এ-থ্রি টোয়েন্টির মত বিমান ওঠানামা করতে পারবে।

---------------------

অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামীকাল লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। লোকসভার বাজেটের একটি প্রতিলিপি রাজ্যসভায় রাখা হবে। ২০১৯ এ দায়িত্ব পাওয়ার পর এটি হবে শ্রীমতী সীতারমণের নবম বাজেট। অন্যদিকে মোদী সরকারের তৃতীয় মেয়াদের তৃতীয় বাজেট এটি। সংসদে বাজেট ভাষণের পর বাজেটের নথি মোবাইল অ্যাপ ও ওয়েবসাইটে পাওয়া যাবে। এর পর অর্থমন্ত্রী দেশের বিভিন্ন প্রান্তের ৩০ জন কলেজ পড়ুয়ার সঙ্গে মত বিনিময় করবেন। এই পড়ুয়ারা লোকসভার গ্যালারীতে বসে বাজেট প্রস্তাব পেশ স্বচক্ষে দেখতে পারবেন। এক বিবৃতিতে অর্থ মন্ত্রক জানিয়েছে, এঁদের মধ্যে বাণিজ্য, অর্থনীতি, চিকিৎসা এবং ভোকেশনাল কোর্স সহ নানা বিষয়ের পড়ুয়া রয়েছেন।

বাজেট প্রস্তুতির আগে শ্রীমতি সীতারমণ বিশিষ্ট ব্যক্তি বর্গের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে অর্থনীতিবিদ, স্বাস্থ্য, শিল্প ও শিক্ষা বিষয়ক বিশেষজ্ঞরা উপস্থিত

ছিলেন। কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহানও কৃষি, গ্রাম উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন।

---------------------

২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট আগামীকাল পয়লা ফেব্রুয়ারী। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সকাল ১১টায় লোকসভায় বাজেট পেশ করবেন।

এর প্রেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্রাক-বাজেট আলোচনা ও অর্থমন্ত্রীর বাজেট ভাষণ সরাসরি সম্প্রচার করবে। শোনা যাবে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এর ফলে সংবাদ সম্প্রচারের সময়ের বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে। বেলা সাড়ে ১২টার গ্রামীণ এবং ১২টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

বেলা দেড়টার জাতীয় সংবাদ ওইদিন প্রচারিত হবে ১টা৫০ মিনিটে গীতাঞ্জলী প্রচারতরঙ্গে। তারপরই দুপুর ২টোয় প্রচারিত হবে ১টা ৪০-এর স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮টা ১০-এর ‘খেলার খবর’ নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে। ওইদিন সন্ধে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙ্গে।

FM রেনবোয় সব হেডলাইন নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

---------------------

তামিলনাড়ুর তিরুচিরাপল্লীতে আজ ভোরে এক সড়ক দুর্ঘটনায় চার মহিলার মৃত্যু হয়েছে। চেন্নাই-তিরুচি জাতীয় সড়কের ওপর ভোর পাঁচটা নাগাদ এই দুর্ঘটনা ঘটে। সাস্মায়াপুরম মন্দিরে পায়ে হেঁটে যাওয়ার সময় একটি গাড়ি তাঁদের ধাক্কা মারে। দুর্ঘটনায় আহত আরেক মহিলাকে পেরামবালুর জেলা হাসপাতালে চিকিৎসাধীন। গাড়ি চালককে গ্রেপ্তার করা হয়েছে।

---------------------

পশ্চিমবঙ্গে দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরে অগ্নিকান্ডে রাজ্য সরকার যথাযথ পদক্ষেপ নেয়নি বলে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন। উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরের আনন্দপুরী খেলার মাঠে কর্মী সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সংসদে বন্দেমাতরম গানের চর্চা যথাযথভাবে হতে দেয়নি।

বাইট

সীমান্ত অঞ্চলে রাজ্য সরকার জমি না দেওয়ায় কাঁটাতারের বেড়া দেওয়া যায় নি। বিজেপি সরকার আসলে এই সমস্যার সমাধান করা হবে বলে তিনি জানান।

এরপর শ্রী শাহ কলকাতা বিমানবন্দ থেকে বাগডোগরার উদ্দেশে রওনা হবেন। দুপুরে গোসাইপাড়া এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার মাঠে দলীয় সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে বাগডোগরা বিমানবন্দর হয়ে দিল্লি ফিরে যাবেন তিনি।

---------------------

কেন্দ্রীয় সরকার, পুলিশের ইনস্পেক্টর জেনারেল পদের জন্য পুলিশ সুপার এবং পুলিশের উপ মহানির্দেশক পদে থাকা IPS আধিকারিকদের কেন্দ্রীয় স্তরে দু-বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক করেছে। স্বরাষ্ট্র মন্ত্রক প্রতিটি রাজ্যের মুখ্য সচিবকে এই বিষয়ে চিঠি দিয়েছে। মন্ত্রকের তরফে জানানো হয়েছে, ২০১১ সাল থেকে সমস্ত IPS আধিকারিকদের ক্ষেত্রে এই নির্দেশ কার্যকর হবে।

---------------------

মেয়েদের ঋতুকালীন স্বাস্থ্য রক্ষা, সংবিধানের ২১ ধারায় বর্ণিত- 'জীবন ও গোপনীয়তার মৌলিক অধিকারে'র অবিচ্ছেদ্য অঙ্গ বলে, সুপ্রিম কোর্ট মত ব্যক্ত করেছে। মহিলা ও শিশু কন্যাদের মর্যাদা ও স্বাস্থ্য সুরক্ষিত রাখতে, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল এবং স্কুলগুলিকে গতকাল একগুচ্ছ নির্দেশিকা জারি করেছে শীর্ষ আদালত। বিচারপতি জে পি পার্দিওয়ালা এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চ, প্রতিটি স্কুলে ছাত্রীদের বায়ো ডিগ্রেডেবল স্যানিটারি ন্যাপকিন বিনামূল্যে দিতে হবে বলে সব রাজ্য ও

কেন্দ্রশাসিত অঞ্চলকে নির্দেশ দিয়েছে। দেশের সব স্কুলের ক্ষেত্রেই এই নিয়ম পালন আবশ্যিক। যেসব স্কুল নিয়ম মানবে না, তাদের অনুমোদন'ও প্রয়োজনে বাতিল করা হতে পারে। প্রাথমিক সুযোগ সুবিধার অভাব এবং ঋতুশ্রাবকে ঘিরে সামাজিক ছুঁতমার্গের কারণেই মেয়েদের স্বাস্থ্য, শিক্ষা এবং গোপনীয়তা সরাসরি প্রভাবিত হচ্ছে বলে বেঞ্চের পর্যবেক্ষণ। একইসঙ্গে ছেলে, মেয়ে এবং বিশেষভাবে সক্ষমদের জন্য জাতীয় নীতির অধীনে পৃথক, পরিচ্ছন্ন শৌচালয় গড়ে তোলার নির্দেশ দিয়েছে আদালত।

সমাজ কর্মী জয়া ঠাকুরের দায়ের করা একজনস্বার্থ মামলার প্রেক্ষিতে শীর্ষ আদালত বলেছে, 'মেন্সট্রুয়াল হাইজিন ফর স্কুল গোয়িং গার্লস'- নীতি, বাধ্যতামূলকভাবে বলবত করতে হবে।

---------------------

ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি কার্যকর হলে আগামী পাঁচ বছরের মধ্যে ইউরোপীয় বাজারে ভারতের রপ্তানি দ্বিগুণ হতে পারে বলে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গয়াল আশাপ্রকাশ করেছেন। ব্যবসায়ী, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, স্টার্টআপ এবং উদ্যোক্তাদের আন্তর্জাতিক বাজারের দিকে লক্ষ্য দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি। সাম্প্রতিক কালে দেশ বিদেশের বিভিন্ন সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী বলেন, এই বাণিজ্য চুক্তি দেশের জন্য বহু নতুন

সুযোগের দুয়ার খুলে দেবে। দেশের সংবেদনশীল ক্ষেত্রগুলিকে সুরক্ষা দেবে এবং একই সঙ্গে রপ্তানির সম্ভাবনা বাড়াবে বলে তিনি উল্লেখ করেছেন।

---------------------

দেশজুড়ে ২৫ কোটিরও বেশি সয়েল হেল্থ কার্ড কৃষকদের কাছে বিতরণ করা হয়েছে। মাটির পুষ্টির ঘাটতির মোকাবিলার লক্ষ্যে সরকার ২০১৫ সালে soil health কার্ড প্রকল্প সূচনা করে। গত বছরের জুলাই মাসের মধ্যে, এই প্রকল্পের আওতায় ৯৩ হাজারেরও বেশি কৃষক প্রশিক্ষণ কর্মসূচি, ৬ লক্ষেরও বেশি তৃণমূল স্তরের প্রদর্শনী এবং বিপুল সংখ্যক সচেতনতামূলক প্রচার কর্ম সূচী আয়োজিত হয়। সুষম পুষ্টি ব্যবস্থাপনার আরও বেশী প্রচারে এই প্রকল্প সহায়ক হবে।

সয়েল হেলথ কার্ড প্রতি দুই বছর অন্তর জারি করা হয়। এর ফলে কৃষকরা তাদের মাটির পুষ্টির অবস্থা ও ভৌত-রাসায়নিক অবস্থা সম্পর্কে স্পষ্ট ধারণা পায়। এই কার্ডে রাসায়নিক সার, জৈব-সার, জৈব উপকরণ এবং মাটির শোধনের যথাযথ ব্যবহার সম্পর্কে বিভিন্ন ফসলের জন্য আলাদা আলাদা সুপারিশও করা হয়। এরফলে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ এবং মাটির দীর্ঘমেয়াদী স্বাস্থ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে সহায়ক হয়।

--------------------

বাংলাদেশের হিন্দু, বৌদ্ধ, ক্রিশ্চান যৌথ পরিষদ , দেশে ক্রমবর্ধমান সাম্প্রদায়িক হিংসার জন্য সরকারকে দায়ী করেছে। তাদের দাবী, ২০২৫ সালে সারা দেশে কমপক্ষে ৫শো২২ টি সংখ্যালঘু নির্যাতনের ঘটনা ঘটেছে যা ১৯৭১ সালের থেকে অনেক বেশী। আগামী ১২ই ফেব্রুয়ারী সেদেশের জাতীয় নির্বাচনের আগে একাধিক এ ধরনের ঘটনায় উদ্বেগ সৃষ্টি হয়েছে। ঢাকায় জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে সংখ্যালঘু অধিকার গোষ্ঠী জানিয়েছে, হিংসার ফলে এক বছরের মধ্যে ৬৬ জন প্রাণ হারিয়েছেন। মহিলাদের বিরুদ্ধে নির্যাতনের ২৮ টি ঘটনা প্রকাশ্যে এসেছে। ৯৫টি ধর্মীয় স্থান এবং শতাধিক সংখ্যালঘু বাড়ি ও দোকানে আক্রমণ চালানো হয়েছে। এ ছাড়াও জমি দখল, ছিনতাই, লুঠপাট, মিথ্যা অভিযোগে গ্রেপ্তার সহ নানাবিধ অপরাধমূলক ঘটনা ক্রমাগত ঘটে চলেছে বলে তাদের দাবী।

--------------------

তিরুবনন্তপূরমের গ্রিনফিল্ড স্টেডিয়ামে আজ পঞ্চম তথা শেষ টি -২০ ম্যাচে ভারত, নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। পাচঁ ম্যাচের টি - ২০ সিরিজে প্রথম তিনটি ম্যাচ জিতে ভারত ইতিমধ্যেই সিরিজ জয় নিশ্চিত করেছে।

চতুর্থ ম্যাচে জয়ী হয় নিউজিল্যান্ড। টি -২০ বিশ্বকাপ শুরু হওয়ার আগে আজকের ম্যাচে দলের প্রস্তুতি খতিয়ে দেখার শেষ সুযোগ টিম ম্যানেজমেন্টের।

-------------------- --------------------